



# বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি

প্রধান কার্যালয়া

ঢাকা

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক প্রকৃত

সং. নং : ডিসিপি(পিআর) ১/২০২১-৭/৫

তারিখ : ২৯-০৭-২০২১

প্রধান বার্তা সম্পাদক

ইলেকট্রনিক ও প্রিণ্ট মিডিয়া

ঢাকা।

**‘বিটকয়েন বা ভার্টুয়াল মুদ্রা কোনো দেশের বৈধ মুদ্রা নয়, সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকি এড়ানোর লক্ষে এ বিট কয়েনে কোনো প্রকার লেনদেন থেকে বিরত থাকার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে’-বাংলাদেশ ব্যাংক।**

**তিনিটোকারেলি প্রসঙ্গে সংবাদমাধ্যমে প্রকাশিত রিপোর্টের প্রেক্ষিতে স্পষ্টীকরণ বিজ্ঞপ্তি।**

সম্প্রতি কয়েকটি সংবাদমাধ্যমে ভার্টুয়াল মুদ্রা/তিনিটোকারেলি বিষয়ে প্রকাশিত রিপোর্ট বাংলাদেশ ব্যাংকের নজরে এসেছে। একটি নিসিটি মামলার তদন্তকারী কর্মকর্তার গোপনীয় ব্যবহারের জন্য বাংলাদেশ ব্যাংক হতে পতের মাধ্যমে প্রেরিত মতামতের অংশ বিশেষ কোন কোন পত্রিকায় ঘড়িতভাবে উপস্থাপিত হয়েছে যা কোনভাবেই সাধারণভাবে প্রচারযোগ্য নয়। উক্তেখ্য, সকলের সচেতনতার লক্ষ্যে ভার্টুয়াল মুদ্রায় লেনদেন হতে বিরত থাকার বিষয়ে ডিসেম্বর ২৪, ২০১৭ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গণমাধ্যমে ও বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে নিম্নরূপ একটি সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রচার করা হয়ঃ

“সম্প্রতি বিজ্ঞপ্তি সংবাদ মাধ্যম এবং ইন্টারনেট হতে প্রাপ্ত তথ্য থেকে জানা যায় যে, অনলাইন ভিত্তিক ভার্টুয়াল মুদ্রা বা crypto currency যথা Bitcoin, Ethereum, Ripple, Litecoin ইত্যাদি বিবিধ বিনিয়োগ প্লাটফর্ম (exchange platform) লেনদেন হচ্ছে। এসব ভার্টুয়াল মুদ্রা কোন দেশের বৈধ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বৈধ মুদ্রা (legal tender) নয় বিধায় এর বিপরীতে কোন আর্থিক দাবীর (financial claim) স্বীকৃতও থাকেনা। এসব মুদ্রায় লেনদেন বাংলাদেশ ব্যাংক বা অন্য কোন নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক অনুমোদিত নয় বিধায় এসব ভার্টুয়াল মুদ্রার ব্যবহার বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭; সম্মাস বিবোধী আইন, ২০০৯ এবং মানি লভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর বারা সমর্থিত হয় না। অনলাইনে নামবিহীন/চুক্তিমূলক প্রক্রিয়ার সাথে ভার্টুয়াল মুদ্রায় লেনদেনের বারা অনিচ্ছাকৃতভাবে মানি লভারিং ও সম্মাসে অর্ধায়ন প্রতিরোধ সম্পর্কিত আইনের লংঘন হতে পারে। মূলতঃ অনলাইন ভিত্তিক নেটওয়ার্কের মাধ্যমে ভার্টুয়াল মুদ্রার অর্ধমূল্য পরিশোধ ও নিষ্পত্তি সংঘটিত হয় এবং এটি কোন কেন্দ্রীয় কর্তৃপক্ষ/পেমেন্ট সিস্টেম নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত না হওয়ায় প্রাচলিত ভার্টুয়াল মুদ্রার সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকিসহ বিজ্ঞপ্তি ঝুঁকির সম্মুখীন হতে পারেন। এমতাবস্থায়, সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকি এড়ানোর লক্ষ্যে বিটকয়েনের ন্যায় ভার্টুয়াল মুদ্রায় লেনদেন বা এসব লেনদেনে সহায়তা প্রদান ও এর প্রচার হতে বিরত থাকার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে।”

উক্ত বিজ্ঞপ্তি এখনও বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে প্রদর্শিত হচ্ছে এবং এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের অবস্থান অপরিবর্তিত রয়েছে। এ প্রসঙ্গে সর্বসাধারণের জ্ঞাতার্থে পুনরায় জানানো যাচ্ছে যে, কোন ভার্টুয়াল মুদ্রা/তিনিটোকারেলি বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত নয়। সম্ভাব্য আর্থিক ও আইনগত ঝুঁকি এড়ানোর লক্ষ্যে যে কোন ধরণের তিনিটোকারেলি বা ভার্টুয়াল মুদ্রায় (যেমন বিটকয়েন, ইথারিয়াম, রিপল ইত্যাদি) লেনদেন অথবা এক্স কার্যে সহায়তা প্রদান ও এতদ্বয়ের প্রচারণা হতে বিরত থাকার জন্য সকল বার্তা ও প্রতিষ্ঠানকে পুনরোধ করা যাচ্ছে।

অন্যথার্থে এ সতর্কীকরণ বিজ্ঞপ্তি জারী করা হ'ল।

ধন্যবাদাত্তে,

স্বাক্ষরিত/-

(জী. এম. আবুল কালাম আজগান)

মহাব্যবস্থাপক (সহকারী মুখ্যপাত্র, বাংলাদেশ ব্যাংক)

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন এন্ড প্রাবলিকেশন

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়

মাতিঝিল, ঢাকা।

Mobile: 01676659986/01708368018

Phone: 9530141(Direct) IP : 20077

E-mail: [abul.kalam@bb.org.bd](mailto:abul.kalam@bb.org.bd)